গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৪১/২০১৭-১৮

ঢাকা, রোববার ২১ জানুয়ারি ২০১৮, ৮ মাঘ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রাণিসম্পদ সপ্তাহ উদ্বোধন করলেন রাষ্ট্রপতি : উৎপাদনে গুণগত মান নিশ্চিত করার আহ্বান

২। কাপ্তাইয়ে মিতিঙ্গাছড়ি পাড়াকেন্দ্র আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৩। মানুষের আর্থিক ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে পুঁজিবাজার : সিলেটে অর্থমন্ত্রী

৪। পোশাকখাতে বৈদেশিক মুদ্রা অর্জনের লক্ষ্যমাত্রা ৪০ বিলিয়ন মার্কিন ডলার : বাণিজ্যমন্ত্রী

৫। পদ্মা সেতুর কাজের অগ্রগতি অর্ধেকের বেশি : সেতুমন্ত্রী

৬। পরিবার পরিকল্পনা কার্যক্রমে গতি বাড়াতে দ্রুত জনবল নিয়োগের নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

৭। ফসল রক্ষায় সুষ্ঠুভাবে নির্ধারিত সময়ে বাঁধের কাজ শেষ করতে হবে : সুনামগঞ্জে পানিসম্পদ মন্ত্রী

৮। বাঙালিয়ানা চর্চা করুন, আলোকিত মানুষ হোন : তথ্যমন্ত্রী

৯। শিক্ষাব্যবস্থাকে আধুনিক ও প্রযুক্তিনির্ভর করতে হবে : শিক্ষামন্ত্রী

১০। জঙ্গি দমনে পুলিশ নিরলসভাবে কাজ করছে : স্বরাষ্ট্রমন্ত্রী

১১। রেডিওতে শুদ্ধ বাংলা ব্যবহারের আহ্বান তথ্যপ্রতিমন্ত্রীর

১২। ইব্রাহীম হোসেন খান অফিসার্স ক্লাবের সাধারণ সম্পাদক নির্বাচিত

চলমান পাতা-২

১। **প্রাণিসম্পদ সপ্তাহ উদ্বোধন করলেন রাষ্ট্রপতি : উৎপাদনে গুণগত মান নিশ্চিত করার আহ্বান**

রপ্তানি প্রতিযোগিতায় সক্ষমতা বাড়াতে উৎপাদনে গুণগত মান নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। জাতীয় উন্নয়ন ত্বরান্বিত করতে মৎস্য ও প্রাণিসম্পদ খাতের সম্ভাবনাকে কাজে লাগাতে কৃষিবিদ, বিজ্ঞানী, কৃষক ও উদ্যোক্তাদের সমন্বিত প্রচেষ্টা চালানোরও আহ্বান জানিয়েছেন তিনি। রাজধানীর ফার্মগেটের খামারবাড়িতে কৃষিবিদ ইনস্টিটিউশনে গতকাল (২০ জানুয়ারি শনিবার) প্রাণিসম্পদ সপ্তাহ-২০১৮ এর উদ্বোধনকালে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। পণ্যের ন্যায্যমূল্য বজায় রাখার পাশাপাশি এ খাতের রপ্তানি আয়ের ব্যাপারেও নজর দিতে সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানান তিনি। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮)।

২। **কাপ্তাইয়ে মিতিঙ্গাছড়ি পাড়াকেন্দ্র আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

আজ (২১ জানুয়ারি রোববার) সকাল ১০টায় কাপ্তাই উপজেলার মিতিঙ্গাছড়ি পাড়াকেন্দ্র উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ২২ লাখ টাকা ব্যয়ে মিতিঙ্গাছড়ি এলাকায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক নির্মিত এবং ইউনিসেফ ও পাড়াবাসীর সহযোগিতায় চার হাজারতম নতুন পাড়াকেন্দ্র ভিডিও কনফারেন্সের মাধ্যমে উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **ভোরের কাগজ** (পৃ.২,ক.২)।

৩। **মানুষের আর্থিক ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে পুঁজিবাজার : সিলেটে অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, অনেকেই পুঁজি বাজার সম্পর্কে কিছু না জেনেই বিনিয়োগ করেন, কিন্তু বিনিয়োগ করতে হলে এ সম্পর্কে কিছুটা লেখাপড়ারও দরকার আছে। তিনি বলেন, সঠিকভাবে জেনে বুঝে পুঁজি বাজারে বিনিয়োগ করা উচিত। গতকাল (২০ জানুয়ারি শনিবার) সিলেট শহরের একটি কনভেনশন হলে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) আয়োজিত বিনিয়োগ শিক্ষা মেলা-২০১৮ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। পুঁজিবাজার নিয়ে মানুষের ভ্রান্ত ধারণা দূর করার জন্য দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা মেলা আয়োজনের অংশ হিসেবে এ মেলা অনুষ্ঠিত হচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

৪। **পোশাকখাতে বৈদেশিক মুদ্রা অর্জনের লক্ষ্যমাত্রা ৪০ বিলিয়ন মার্কিন ডলার : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, ২০১৬-১৭ সালে রাজনৈতিক স্থিতিশীলতা থাকায় অতীতের চেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে। আশা করি, এ ধারা অব্যাহত থাকলে আগামী বছর পোশাকখাত থেকে ৪০ বিলিয়ন মার্কিন ডলার বৈদেশিক মুদ্রা অর্জন করা সম্ভব। গতকাল (২০ জানুয়ারি শনিবার) রাজধানীর ঢাকা ক্লাবে পোশাকখাত সম্পর্কিত পত্রিকা দ্যা অ্যাপারেল নিউজের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র **: ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২),**এশিয়ান এজ** (পৃ.১২,ক.১)।

৫। **পদ্মা সেতুর কাজের অগ্রগতি অর্ধেকের বেশি : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, পদ্মা সেতু এখন আর স্বপ্ন নয়, এরই মধ্যে সেতুর কাজের সার্বিক অগ্রগতি হয়েছে ৫১ দশমিক ৫ শতাংশ। যথাসময়ে নির্মাণকাজ শেষ হবে। চলতি সপ্তাহে সেতুর দ্বিতীয় স্প্যান বসবে বলে জানিয়েছেন তিনি। মুন্সিগঞ্জের মাওয়ায় গতকাল (২০ জানুয়ারি শনিবার) পদ্মা সেতুর প্রকল্প এলাকা পরিদর্শনশেষে এসব কথা বলেন মন্ত্রী। পদ্মা সেতুর কাজ শেষ হওয়ার আগেই চার লেন সড়কের কাজ সম্পন্ন হবে বলেও জানান তিনি। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭)।

৬। **পরিবার পরিকল্পনা কার্যক্রমে গতি বাড়াতে দ্রুত জনবল নিয়োগের নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর**

মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা কার্যক্রম আরও গতিশীল করতে শূন্য পদে সাড়ে চার হাজার জনবল নিয়োগ প্রক্রিয়া স্বচ্ছতার সঙ্গে দ্রুত সম্পন্ন করার নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম।

গতকাল (২০ জানুয়ারি শনিবার) সচিবালয়ে 'পরিবার পরিকল্পনা কার্যক্রম শক্তিশালীকরণ' শীর্ষক সভায় তিনি এ নির্দেশ দেন। সভায় গ্রাম ও শহরের বস্তি এলাকায় জনসংখ্যা নিয়ন্ত্রণে মাঠকর্মীদের আরও তৎপর হওয়ার তাগিদ দেন মন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৭। ফসল রক্ষায় সুষ্ঠুভাবে নির্ধারিত সময়ে বাঁধের কাজ শেষ করতে হবে : সুনামগঞ্জে পানিসম্পদ মন্ত্রী

পানিসম্পদ মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশে বাঁধ নির্মাণের জন্য ১০০ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। তাই বাঁধের কাজ করতে হবে সুষ্ঠুভাবে এবং নির্ধারিত সময়ের মধ্যে। গতকাল (২০ জানুয়ারি শনিবার) দিনব্যাপী সুনামগঞ্জের বিভিন্ন হাওর পরিদর্শনকালে হাওর পাড়ের কৃষকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৪)।

৮। বাঙালিয়ানা চর্চা করুন, আলোকিত মানুষ হোন : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বাঙালি বিশ্বের যেখানেই থাকুন, বাঙালিয়ানা চর্চা করুন, নিজস্ব সত্তা ধারণ করে গর্বিত আলোকিত মানুষ হোন। গতকাল (২০ জানুয়ারি শনিবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে 'ইন্টারন্যাশনাল এডুকেশন এক্সপো ২০১৮' উদ্বোধন অনুষ্ঠানে তিনি একথা বলেন। সমবেত শিক্ষার্থীদের উদ্দেশে তথ্যমন্ত্রী বলেন, সাম্প্রদায়িকতা ও জঙ্গিবাদের মতো, বাংলার সাথে বিদেশি ভাষার অযাচিত মিশ্রণ 'বাংলিশ'ও বাংলার শত্রু। বিদেশি ভাষা শিখুন, কিন্তু শুদ্ধভাবে বাংলাচর্চায় যত্নবান থাকুন। সূত্র-**নয়াদিগন্ত** (পৃ.২,ক.৭), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

৯। শিক্ষাব্যবস্থাকে আধুনিক ও প্রযুক্তিনির্ভর করতে হবে : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সমকালীন বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার জন্য শিক্ষার্থীদের আধুনিক জ্ঞানবিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর শিক্ষায় শিক্ষিত হতে হবে। জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণ ও ডিজিটাল বাংলাদেশ গড়তে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে অধিকতর কার্যকর ভূমিকা রাখতে হবে। গতকাল (২০ জানুয়ারি শনিবার) ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তৃতায় শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.২।

১০। জঙ্গি দমনে পুলিশ নিরলসভাবে কাজ করছে : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, দুর্নীতি, সন্ত্রাস ও জঙ্গিবাদ দেশের উন্নয়নের ক্ষেত্রে চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছিল। প্রধানমন্ত্রীর নেতৃত্বে সেই চ্যালেঞ্জ মোকাবিলায় অনেকটাই এগিয়েছে দেশ। দেশমাতৃকার টানে পুলিশ জঙ্গি দমনে কাজ করে চলেছে নিরলসভাবে। গতকাল (২০ জানুয়ারি শনিবার) মুন্সীগঞ্জের সিরাজদীখানে রাজদিয়া অভয় পাইলট উচ্চ বিদ্যালয়ের শতবর্ষ উদ্‌যাপন অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮)।

১১। রেডিওতে শুদ্ধ বাংলা ব্যবহারের আহ্বান তথ্যপ্রতিমন্ত্রীর

দেশের রেডিও স্টেশনগুলোকে শুদ্ধ বাংলা ব্যবহার করে অনুষ্ঠান উপস্থাপনার নির্দেশ দিয়েছে তথ্য মন্ত্রণালয়। এতে বাংলা ও ইংরেজির ভুল এবং বিকৃত উপস্থাপন না করতেও বলা হয়েছে। তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম স্বাক্ষরিত এক চিঠিতে এ নির্দেশনা দেওয়া হয়। সূত্র-**নয়াদিগন্ত** (পৃ.২,ক.৭), **যায়যায়দিন** (পৃ.১৫,ক.৭)।

১২। ইব্রাহীম হোসেন খান অফিসার্স ক্লাবের সাধারণ সম্পাদক নির্বাচিত

অফিসার্স ক্লাবের নির্বাচনে সাধারণ সম্পাদক পদে বিপুল ভোটের ব্যবধানে জয়লাভ করেছেন সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের সচিব ইব্রাহীম হোসেন খান। চলতি মেয়াদেও তিনি সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করছেন। ইব্রাহীম হোসেন খান ২ হাজার ৬৮ ভোট পেয়েছেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৭)।

সম্পাদকীয়

ক. **ইনকিলাব, সংবাদ :** অদক্ষতা ও অব্যবস্থাপনায় চট্টগ্রাম সমুদ্রবন্দরের ব্যবসায়ীদের প্রতিদিন বিপুল পরিমাণ ক্ষতিপূরণ দিতে হচ্ছে উল্লেখ করে বন্দর ব্যবস্থাপনায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন ফিরিয়ে আনার ওপর গুরুত্বারোপ।

খ. **প্রথম আলো :** উচ্চ স্বরে সংগীত বাজানোয় আপত্তি করায় ৬৫ বছর বয়সী এক অবসরপ্রাপ্ত কর্মকর্তাকে মারধর করায় তাঁর মৃত্যু হওয়ার ঘটনায় নিন্দা জানিয়ে এ কাজে জড়িতদের কঠোর শাস্তির দাবি।

গ. **ভোরের কাগজ :** রাজধানীর ৩ হাজার গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান অগ্নিঝুঁকির মধ্যে থাকার তথ্যে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে প্রয়োজনীয় প্রশাসনিক ও আইনগত ব্যবস্থা গ্রহণ ও জনসচেতনতা সৃষ্টির উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল :** দেশের একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিনে নির্বিচারে দালানকোঠা নির্মাণের কারণে পরিবেশ ও জীববৈচিত্র্য মারাত্মক হুমকির মুখে পড়ায় এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যায়যায়দিন :** কিশোরদের অপরাধ প্রবণতা বাড়ায় উদ্বেগজনক পরিস্থিতি নিয়ন্ত্রণে কঠোর পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **ইন্ডিপেনডেন্ট :** নারীর প্রতি বৈষম্যমূলক আচরণ যৌন ও শারীরিক সহিংসতার মূল কারণ উল্লেখ করে এসব সহিংসতা বন্ধে সকল ধরনের ধর্মীয় ফতোয়ার ঊর্ধ্বে গিয়ে ন্যায়বিচার ও নারীর মানবাধিকার নিশ্চিত করার দাবি।

ছ. **ডেইলি স্টার :** এলপিজি বোতলের কোনো নির্ধারিত মূল্য না থাকায় একশ্রেণির ব্যবসায়ীর যথেচ্ছ মূল্য আরোপের কারণে গ্রাহকরা ভোগান্তির শিকার হচ্ছে উল্লেখ করে এলপিজি'র বোতলের মূল্য নির্ধারণ করে ভোক্তার অধিকার নিশ্চিত করার সুপারিশ।

জ. **অবজারভার :** ব্যাপক চাহিদা এবং উচ্চ শুল্কের কারণে বাংলাদেশ চোরাই স্বর্ণের অভয়ারণ্যে পরিণত হচ্ছে উল্লেখ করে এ ধরনের অবৈধ কাজ প্রতিহত করতে বৈধপথে স্বর্ণ আমদানি-রপ্তানিকে সহজ করার জন্য যথাযথ কর্তৃপক্ষকে পরামর্শ।

ঝ. **ডেইলি সান :** বাংলাদেশের অর্থনীতি মূলত রেডিমেড গার্মেন্টস ও জনশক্তি রপ্তানির ওপর অতিমাত্রায় নির্ভরশীল হয়ে পড়ায় বিশ্ববাজারে এ দু'টি খাতের সামান্যতম পরিবর্তনে আমাদের অর্থনীতি বিপর্যস্ত হয়ে পড়ে উল্লেখ করে বৈদেশিক মুদ্রা অর্জনে পণ্য এবং বাজার বহুমুখীকরণের পরামর্শ প্রদান করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে ঢাকাসহ সকল নগরকে জলাবদ্ধতার হাত থেকে রক্ষায় খালসমূহের উদ্ধার কার্যক্রম জোরদার করতে হবে বলে অভিমত প্রকাশ।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত **'সুস্থ রাজনীতিচর্চা চাই'** শিরোনামের নিবন্ধে রাজনৈতিক প্রতিদ্বন্দ্বীকে ভয় না পেয়ে সুষ্ঠু রাজনৈতিক প্রতিযোগিতা করতে হবে বলে অভিমত প্রকাশ।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৮/৯.০০